



AKASHVANI SILCHAR

REGIONAL NEWS UNIT

MORNING NEWS BULLETIN

BENGALI

DATE: 14 Feb. 26

TIME: 7:35 AM

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বৈশ্বিক কয়েকটি প্রকল্প উদ্বোধন করার উদ্দেশ্যে আজ আসাম সফরে আসছেন। তিনি আজ জরুরীকালীন সময়ে উড়ণ-অবতরণ করতে সক্ষম বিশেষভাবে প্রস্তুত করা জাতীয় সড়কে অবতরণ করবেন। এর আগে প্রধানমন্ত্রী প্রথমে সাবুয়ার সেনা ঘাটিতে উপস্থিত হবেন এবং সেখান থেকে মরণ যাবেন। এই জরুরীকালীন অবতরণ ক্ষেত্রটি বায়ুসেনার জন্য কৌশলগত বিষয়ে বিশেষভাবে গুরুত্বপূর্ণ বলে বিবেচিত হচ্ছে। যুদ্ধ অথবা যেকোন জরুরীকালীন অবস্থায় পরম্পরাগত বিমান বন্দরসমূহ অচল হয়ে গেলে এই বিকল্প অবতরণ ক্ষেত্র সেনাবাহিনীর জন্য ফলপ্রসূ হবে। ৪ দশমিক ২ কিলোমিটার দৈর্ঘ্যের এই জরুরীকালীন অবতরণ ক্ষেত্রে আজ সুখোই-থাটি, রেফেল, তেজস বিমান সহ হার্কিউলিস এবং এন্টনভ-এ-এন-থাটিটু পরিবহণ বিমান অবতরণ ও উড়ণ কৌশল প্রদর্শন করবে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মরান থেকে সরাসরি গৌহাটি আসবেন। গৌহাটিতে তিনি ব্রহ্মপুত্রের ওপর নির্মিত গৌহাটি-উত্তর গৌহাটি সংযোগী কুমার ভাষ্করবর্মা সেতুর উদ্বোধন করবেন। এর পর শ্রী মোদী গৌহাটির ভারতীয় ব্যবস্থাপনা প্রতিষ্ঠান (আই আই এম)-এর একটি অস্থায়ী প্রাঙ্গণের উদ্বোধন করবেন এবং কেন্দ্রীয়

তহবিলে ক্রয় করা ১শোটির অধিক বৈদ্যুতিক বাসের সূচনা করবেন । একই সঙ্গে প্রধানমন্ত্রী আমিনগাওয়ে একটি হাইপার স্কেল তথ্য কেন্দ্রেরও উদ্বোধন করবেন । এই সফরকালে শ্রী মোদী গৌহাটিতে আয়োজিত একটি দলীয় কর্মী সভায়ও অংশ গ্রহণ করবেন । এদিকে প্রধানমন্ত্রীর সফরের পূর্বে মুখ্যমন্ত্রী ড.হিমন্তু বিশ্ব শর্মা গতকাল অনুষ্ঠানস্থল পরিদর্শন করে প্রস্তুতির পর্যালোচনার পর জানান

---- বাইট ----

রাজ্য বিধানসভা নির্বাচন সম্পর্কে পর্যালোচনা করার জন্য আগামী সোমবার অর্থাৎ ১৬ই ফেব্রুয়ারি পূর্ণাঙ্গ নির্বাচন কমিশন আসামে আসবে । তিনদিনের সফরসূচি নিয়ে রাজ্যে এসে দলটি আগামী ১৭ই ফেব্রুয়ারি বিভিন্ন রাজনৈতিক দলের সঙ্গে নির্বাচন সম্পর্কে আলোচনা করবে । মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের নেতৃত্বে দলটি প্রথমে রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক অনুরাগ গোয়েলের কাছে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতির খোঁজখবর নেবে । দলটি আগামী ১৮ই ফেব্রুয়ারি রাজ্যের একশো জন বি এল ও'র সঙ্গে মত বিনিময় করবে । এছাড়া রাজ্যের মুখ্য সচিব এবং পুলিশের সঞ্চালক প্রধানের সঙ্গেও নির্বাচন কমিশনের দলটি আলোচনায় মিলিত হবে । এরপর সেইদিন বিকেলে কমিশনের পক্ষ থেকে একটি সাংবাদিক সম্মেলনেরও আয়োজন করা হবে ।

গৌহাটি হাইকোর্ট পি এম ডিভাইন প্রকল্পের অধীনে মা কামাখ্যা এক্সেসেস করিডোর নির্মাণের জন্য রাজ্য সরকারকে সবুজ সংকেত প্রদান করেছে । এই এক্সেসেস করিডোর নির্মাণের ফলে মা কামাখ্যা মন্দিরের পাশাপাশি এর

ভেতরের জলাধারে এর কোনো প্রভাব পড়বে না বলে আশ্বাস প্রদানের পর হাইকোর্টের মুখ্য বিচারপতি আশুতোষ কুমার এবং বিচারপতি অরুণ দেবচৌধুরীর ডিভিশন বেঞ্চ রাজ্য সরকার যাবতীয় নির্মাণ কার্য চালিয়ে যেতে পারবে বলে নির্দেশ দিয়েছে। উল্লেখ্য- এই করিডোর নির্মাণের ফলে মা কামাখ্যা মন্দির এবং দশ মহাবিদ্যা মন্দিরের পুরনো পরিকাঠামো এবং মন্দিরের ভেতরের জলাধারের উপর এর প্রভাব পড়ার আশংকা করে একটি জনস্বার্থ জনিত আবেদন এবং রিট আবেদন দাখিল করা হয়েছিল। এই আবেদন সমূহের শুনানিকালে রাজ্য সরকারের প্রবীণ আইনজীবী দেবজিৎ শইকিয়া আই আই টি- গুয়াহাটীর অনুমোদন জানানো নক্সা এবং রূপরেখার ভিত্তিতে এই করিডোর প্রকল্প নির্মাণ হবে বলে আদালতকে অবগত করেন। করিডোর নির্মাণ প্রসঙ্গে রুরকির ন্যাশনেল ইনস্টিটিউট অব হাইড্রোলজি, ভূতাত্ত্বিক বিষয় এবং জলতত্ত্ব সম্পর্কে পরীক্ষা করে প্রতিবেদন দাখিল করেছে। এই প্রতিবেদনে প্রকল্পটি নির্মাণযোগ্য এবং কোনো ক্ষতিকারক বিষয় নেই বলে স্পষ্ট করে উল্লেখ করা হয়েছে। সরকারের দাখিল করা এধরনের তথ্যের পর হাইকোর্ট মা কামাখ্যা এক্সেসেস করিডোর নির্মাণের জন্য রাজ্য সরকারকে অনুমতি প্রদান করে। তবে এই নির্দেশে আদালত প্রকল্প নির্মাণের ক্ষেত্রে অসঙ্গতি প্রত্যক্ষ করলে আবেদনকারী পক্ষসমূহ পুনরায় আদালতের দ্বারস্থ হবে স্পষ্ট করে বলা হয়েছে।

শ্রীভূমি জেলার ভারপ্রাপ্ত শিশু সুরক্ষা আধিকারিক এক বিজ্ঞপ্তিতে জেলার যোগ্য শিক্ষার্থীদের ২০২৬ সালের দুন স্কুল স্কলারশিপ পরীক্ষায় নাম পঞ্জীয়ন করার আহ্বান জানিয়েছেন। জেলার যোগ্য শিক্ষার্থীরা ওয়েব সাইট ডবলিউ ডবলিউ ডবলিউ দুনস্কুল ডট কম/ডি এস এস ই -এর মাধ্যমে তাদের নাম স্কলারশিপ পরীক্ষার জন্য পঞ্জীয়ন করতে পারবে। বিস্তারিত বিবরণ ওই ওয়েব সাইটে পাওয়া যাবে। উল্লেখ্য দুন স্কুলে স্কলারশিপ পরীক্ষার মাধ্যমে

আর্থিকভাবে দুর্বল মেধাবী শিক্ষার্থীদের বৃত্তির মাধ্যমে ওই বিদ্যালয়ে শিক্ষার সুযোগ প্রদান করা হয় ।

শিলচর পূর্ত বিভাগের কার্যবাহী বাস্তুকর এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে-
দিগর কাশীপুর থেকে ভায়া ছাপ্পানহাল হয়ে কাঠিয়া বস্তি পর্যন্ত সড়কে একটি
কালভাটের সংস্কার কাজের জন্য আজ থেকে আগামী ১৪ই এপ্রিল পর্যন্ত ,
এই সড়ক দিয়ে সবধরনের ভারী যান চলাচল বন্ধ থাকবে ।
